গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৪.২২. ১৮৬৪ — তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮ / ১৮ জুলাই ২০২২

**বিষয়ঃ আইন ও বিচার বিভাগ, অধস্তন অধিদপ্তর/পরিদপ্তর ও অফিসমূহের অর্গানোগ্রাম, পদমঞ্জুরি অনুযায়ী পদবি, পদসংখ্যা গ্রেড iBas++ সিস্টেমে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে নির্ধারিত ছকে অর্থ মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ অর্থমন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারকপত্র নং ০৭.১৫৬.০০৩৩৩৩৩৬২.০০.০২.২০০৪-৪৩৫, তারিখ ২৪ মে ২০২২ খ্রিস্টাব্দ।

সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত আগামী ২০২৩-২০২৪ অর্থবছর হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির বাজেট স্বয়ংক্রিয়ভাবে প্রণয়ন ও EFT এর মাধ্যমে কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ ও অধস্তন অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও জনবলের তথ্যাদি আগামী ২৭/০৭/২০২২ তারিখের মধ্যে সূত্রোক্ত পত্রে বর্ণিত পর্যবেক্ষণ অনুযায়ী সংযুক্ত ছকে অত্র শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রসঙ্গত উল্লেখ্য যে, ২০২২-২০২৩ অর্থবছরে বেতন-ভাতাদি প্রাপ্তির ক্ষেত্রে এসব তথ্য iBas++ সিস্টেমে অন্তর্ভুক্ত করা হবে। অসম্পূর্ণ থাকলে বেতন-ভাতাদির বিল ডিজিটাল পদ্ধতিতে প্রক্রিয়াকরণ করতে সমস্যার সৃষ্টি হতে পারে।

| অধস্তন দপ্তর | তথ্যাদি প্রেরণের মাধ্যম |
|---|---|
| আইন ও বিচার বিভাগ সচিবালয় (বিচার শাখা-৮) | সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন | সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| অ্যাডমিনিস্ট্রেটর জেনারেল ও অফিসিয়াল রিসিভার এবং অফিসিয়াল ট্রাস্টি | সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| অ্যাটর্নি জেনেরেলের কার্যালয় | সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| ক) নিবন্ধন অধিদপ্তর কার্যালয়<br>খ) জেলা রেজিস্ট্রার এর কার্যালয়<br>গ) সাব-রেজিস্ট্রার এর কার্যালয় | নিবন্ধন অধিদপ্তর থেকে সূত্রোক্ত পত্র মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদির হার্ডকপি সরাসরি প্রেরণ করতে হবে |
| দেওয়ানী ও দায়রা আদালতসমূহ | (http:// 43.229.15.33/org) লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় ছক পূরণের মাধ্যমে |
| জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতসমূহ (মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসিসহ) | |
| **বিশেষ আদালত ও ট্রাইব্যুনালসমূহ**<br>ক) বিভাগীয় বিশেষ জজ আদালসমূহ<br>খ) পরিবেশ আদালতসমূহ<br>গ) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ<br>ঘ) জননিরাপত্তা ট্রাইব্যুনালসমূহ<br>ঙ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ<br>চ) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল<br>ছ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল<br>জ) চীফ প্রসিকিউটরের কার্যালয় | |

২৮/৭/২২

(এ কে এম কামাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ:)

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৪.২২.

তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৮
২৩ জুন ২০২২

অনুলিপি অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার এর কার্যালয়, ৭৯/এ, কাকরাইল, ঢাকা।
৪. চীফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৫. রেজিস্ট্রার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৬. জেলা জজ ..........................(সকল)।
৭. মহানগর দায়রা জজ .................................. (সকল)।
৮. বিভাগীয় বিশেষ জজ ................................ (সকল)।
৯. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল .................................. (সকল)।
১০. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ..................... (সকল)।
১১. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ......................... (সকল)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩. প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. গার্ড ফাইল।

২৩/৭/22

(এ কে এম কামাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ:)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬
www.mof.gov.bd

নং-০৭.১৫৬.০০৩.০৬২.০০.০২.২০০৪-৪৩৫ তারিখ: ২৪ মে ২০২২

বিষয়ঃ আইন ও বিচার বিভাগের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের পদবি, বেতন গ্রেড এবং পদ সংখ্যা সংক্রান্ত তথ্যাদি প্রেরণ।

সূত্র: (১) অর্থ বিভাগের পত্র নং ৭৬৯, ৯৪৩, ১০০৪, ১১১, ২১৭ ও ৪৩৬ তারিখ:১২ আগষ্ট ২০২০, ১৯ নভেম্বর ২০২০, ২৩ ডিসেম্বর ২০২০, ০৯ মার্চ ২০২১ ও ২১ সেপ্টেম্বর ২০২১

(২) ১১.০৫.২০২২ তারিখে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ-এ অনুষ্ঠিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী সরকারি প্রতিষ্ঠানের জনবলের ডাটাবেজ প্রস্তুতি সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী।

সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত আগামী ২০২৩-২০২৪ অর্থবছর হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির বাজেট স্বয়ংক্রিয়ভাবে প্রণয়ন ও EFT এর মাধ্যমে কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগ ও অধীনস্থ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও জনবলের তথ্যাদি চেয়ে অর্থ বিভাগ হতে সূত্রস্থ ১ নং সূত্রে উল্লেখিত স্মারকসমূহের মাধ্যমে ৫ টি পত্র এবং সভা আহবান করা হলেও আইন ও বিচার বিভাগের হতে অদ্যাবধি পূর্ণাঙ্গ তথ্যাদি পাওয়া যায়নি। মন্ত্রণালয় হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে বেশ কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে যা এর সাথে সংযুক্ত করা হলো। এছাড়াও জনবল সংক্রান্ত তথ্যাদি কার্যালয়ভিত্তিক পৃথকভাবে নিম্নে প্রদত্ত ছক অনুযায়ী প্রেরণ করা প্রয়োজন;

জনবল সংক্রান্ত তথ্যাদি প্রেরণের ছক :

অফিসের নাম : .............................. অর্গানাইজেশন কোডসহ অফিস কোড (১৩ডিজিট) : ..................................

| ক্র. নং | পদবি (বাংলা) | পদবি (ইংরেজি) | গ্রেড (Substantive Grade) | পদসংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | | | | |

বি: দ্র: একই জাতীয় অফিসসমূহের ক্ষেত্রে যদি পদবি, গ্রেড ও পদসংখ্যা একই হয় তাহলে যে কোন একটি অফিসের তথ্য দিলেই হবে। অন্যথায় প্রতিটি অফিসের জন্য পৃথকভাবে তথ্যাদি দিতে হবে।

বর্ণিতাবস্থায়, সরকারি প্রতিষ্ঠানের জনবল সংক্রান্ত ডাটাবেজ তৈরীর জন্য এর সাথে সংযুক্ত সমস্যাবলী বিবেচনাপূর্বক নির্দিষ্ট ছকে পূর্ণাঙ্গ তথ্য ২ নং স্মারকে উল্লিখিত কার্যবিবরণীর সিদ্ধান্ত মতে আগামী তিন মাসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংলগ্নীঃ বর্ণনা মতে।

২৪/৫/২০২২
(মোহাম্মদ শওকত উল্লাহ)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৯৯৫১

সচিব
আইন ও বিচার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি :
০১। জাতীয় কর্মসূচি পরিচালক, (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০২। উপসচিব, বাজেট অধিশাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

আইন ও বিচার বিভাগ
উপ-সচিব (বাঃ)-এর দপ্তর
☐ সিনিয়র সহকারী সচিব (বাঃ-১/২)
ডাইরী নং........
তারিখ :........ ৭/৬/২২
স্বাক্ষরঃ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
ডাইরী নং........
তারিখ.........